

**হারার ডিপ্লোমা কোর্স আগামী মাসে শুরু**  
(ইতিফাক রিপোর্ট)  
আগামী মাসে টঙ্গী বোর্ড-বাজারের সম্মিলিত আইসিটি-ভিটি আর-এ হারার ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স সহ চারটি কোর্সে ক্লাস শুরু হইতেছে। হারার ডিপ্লোমা কোর্স প্রসঙ্গে বিতর্ক ও আপত্তির কোন সুরাহা এখনও হয় নাই। তবে সদস্যদের প্রয়োজনে ইসলামী কারিগরি কেন্দ্রের কারিকুলাম যে কোন সময় রদ-বদল করা যাইবে। এ (৫ম পৃঃ পঃ)

**হারার ডিপ্লোমা কোর্স**  
(১ম পৃঃ পর)  
ব্যাপারে জড়িত সকল পক্ষই এখন নিশ্চিত হইয়াছেন।  
ও-আই-সি'র অর্থ সাহায্যে ও ৪৪ জাতির পরিচালনার আইসিটিভিটিআর পরিচালিত। এ কেন্দ্রের পরিচালকমণ্ডলীর বর্তমান সভাপতি বাংলাদেশ কেন্দ্রের বর্তমান পরিচালকও একজন বাংলাদেশী বিশেষজ্ঞ। এ আইসিটিউটের তিন বৎসর মেয়াদী হারার ডিপ্লোমা কোর্সের ব্যাপারে বাংলাদেশের পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা আপত্তি জানাইয়া গত তিনমাস যাবৎ মিছিল, সমাবেশ ও ক্লাস বন্ধ করিতেছে। পলিটেকনিক শিক্ষক ও পেশাজীবী ডিপ্লোমা প্রকৌশলীরাও পলিটেকনিক শিক্ষার্থীদের প্রতি সমর্থন জানাইয়াছে। ডিপ্লোমা প্রকৌশলী সংগ্রাম পরিষদের প্রত্যক্ষ আন্দোলনের দাবীনামার হারার ডিপ্লোমা কোর্সের 'হারার' বর্জন এবং প্রবেশযোগ্যতা এইচএসসি'র বদলে 'এসএসসি' করার দাবীও অন্তর্ভুক্ত হইয়াছে। কারণ, 'একই দেশে দুই ধরনের প্রকৌশল ডিপ্লোমা পেশাগত জটিলতা সৃষ্টি করিবে'।  
ডিপ্লোমা প্রকৌশলীরা তাহাদের আন্দোলনের লক্ষ্য হিসাবে এক্ষেত্রে 'কারিগরি আমলাচক্র'কে দায়ী করিতেছেন। পক্ষান্তরে এসব প্রক্রিয়ার সহিত জড়িত উচ্চতন প্রকৌশলীরা বলেন, ও-আই-সি গঠিত মণ্ডলীর সিদ্ধান্তের জ্ঞাত বিশেষ কাহাকেও দোষারোপ করা সমীচীন হইবেনা।  
এ ব্যাপারে শিক্ষামন্ত্রণালয় কর্তৃক গঠিত একটি কমিটি সেপ্টেম্বর মাসে সমস্যাটি বিবেচনা করে। নির্ভরযোগ্য সূত্রে প্রকাশ, আইসিটিভিটিআর পরিচালক কর্তৃক প্রকাশিত ১৯৮৪-র হারার ডিপ্লোমার কারিকুলামের ভূমিকায় সদস্য দেশের প্রয়োজনে যেকোন পরিবর্তন-পরিবর্ধনের সুযোগের উপর কমিটি জোর দিয়াছে। কমিটি উল্লেখ করে যে, ১৯৮১-র জুনে বাগদাদ পররাষ্ট্র মন্ত্রীদের বৈঠকে ওআইসি 'ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং' কোর্স খুলিতে বলিয়াছিল। তাই 'হারার' কথাটি বাদ দেওয়া যায়। এ কোর্সে ভর্তি যোগ্যতা এইচ, এস, সি বা ১১ বৎসরের স্কুলিং-এর পরিবর্তে এসএসসি নির্ধারণের জ্ঞাত কমিটি সুপারিশ দিয়াছেন। জানা গিয়াছে, যথার্থ কতৃপক্ষের মাধ্যমে এ ব্যাপারে ফয়সালানা হওয়া পর্যন্ত হারার ডিপ্লোমা কোর্স বন্ধ রাখা উচিত বলিয়া কমিটি মনে করিয়াছে।  
অবশ্য মন্ত্রী পরিষদ কমিটির বৈঠকে সামগ্রিক অবস্থা বিবেচনা করিয়া বাংলাদেশী শিক্ষার্থী বাদ দিয়া কোর্সটি শুরু করিবার পরামর্শ দেওয়া হইয়াছে। আইসিটিভিটিআর-এর কতৃপক্ষ এখন অবশ্য এ পরিস্থিতিতে কোন বক্তব্য প্রকাশে নারাজ।  
অবশ্য কেবল বর্তমানে হারার ডিপ্লোমা কোর্স থাকার কথা এসব মহল উল্লেখ করিয়াছেন। অত্র দেশে এখনও কোর্স নাই। আইসি টিভিটিআর-এর হারার ডিপ্লোমা কোর্সের শিক্ষা মাধ্যম ইংরাজী। তাই এসএসসি মানের শিক্ষার্থীর পক্ষে কোর্স অনুসরণ কষ্টকর হইবে বলিয়াও কেহ কেহ যুক্তি দেন।  
বাংলাদেশের পলিটেকনিক

নিয়ারিং" কোর্স খুলিতে বলিয়াছিল। তাই 'হারার' কথাটি বাদ দেওয়া যায়। এ কোর্সে ভর্তি যোগ্যতা এইচ, এস, সি বা ১১ বৎসরের স্কুলিং-এর পরিবর্তে এসএসসি নির্ধারণের জ্ঞাত কমিটি সুপারিশ দিয়াছেন। জানা গিয়াছে, যথার্থ কতৃপক্ষের মাধ্যমে এ ব্যাপারে ফয়সালানা হওয়া পর্যন্ত হারার ডিপ্লোমা কোর্স বন্ধ রাখা উচিত বলিয়া কমিটি মনে করিয়াছে।  
অবশ্য মন্ত্রী পরিষদ কমিটির বৈঠকে সামগ্রিক অবস্থা বিবেচনা করিয়া বাংলাদেশী শিক্ষার্থী বাদ দিয়া কোর্সটি শুরু করিবার পরামর্শ দেওয়া হইয়াছে। আইসিটিভিটিআর-এর কতৃপক্ষ এখন অবশ্য এ পরিস্থিতিতে কোন বক্তব্য প্রকাশে নারাজ।  
অবশ্য কেবল বর্তমানে হারার ডিপ্লোমা কোর্স থাকার কথা এসব মহল উল্লেখ করিয়াছেন। অত্র দেশে এখনও কোর্স নাই। আইসি টিভিটিআর-এর হারার ডিপ্লোমা কোর্সের শিক্ষা মাধ্যম ইংরাজী। তাই এসএসসি মানের শিক্ষার্থীর পক্ষে কোর্স অনুসরণ কষ্টকর হইবে বলিয়াও কেহ কেহ যুক্তি দেন।  
বাংলাদেশের পলিটেকনিক